

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
(নার্সিং শাখা)

নং-৪৫.১৫৮.০১১.০০.০০.০২১.২০১৩ (অংশ-১)- ৬৭

তারিখঃ ২৬ মাঘ ১৪২২  
০৮ ফেব্রুয়ারি ২০১৬

বিষয়ঃ বদলি/পদায়ন প্রসংগে।

- সূত্রঃ (১) সেবা পরিদপ্তরের স্মারক নং-ডিএনএস/শা-১/শ-১৭৩/৮২/৮০৩৫, তারিখঃ ০১-১২-২০১৫ খ্রিঃ।  
(২) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৫.১৫৮.০২৮.০০.০০.০১৫.২০১১-০৫, তারিখঃ ০৬-০১ ২০১৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে ১ নং সূত্রে বর্ণিত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ মন্ত্রণালয়ের ২নং সূত্রে বর্ণিত স্মারকে সেবা পরিদপ্তরাধীন ডেপুটি নার্সিং সুপারিনটেনডেন্ট, ডিসট্রিক্ট পাবলিক হেল্থ নার্স, নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্ট্রাক্টর, ইনস্ট্রাক্টর ও নার্সিং সুপারভাইজার পদে মন্ত্রণালয়ের পূর্ব অনুমোদন ব্যতিত কোন বদলি/পদায়ন না করার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। তবে জরুরি প্রয়োজনে যৌক্তিকতাসহ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণেরও নির্দেশনা রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, এ নির্দেশনা সেবা পরিদপ্তর কর্তৃক যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না।

২। এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (ক) নার্সিং সুপারভাইজার এবং তদুর্ধ্ব পদে বদলি/পদায়নের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ২ নং সূত্রে বর্ণিত স্মারকের নির্দেশনা/অনুশাসন কঠোরভাবে অনুসরণ করা;  
(খ) এছাড়া ১ম শ্রেণির পদ ও প্রস্তাবিত ১ম শ্রেণির পদে পদায়নের ক্ষেত্রেও প্রচলিত বিধি-বিধান এবং মন্ত্রণালয়ের পূর্ব নির্দেশনা অনুসরণ করা; এবং  
(গ) শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নার্সিং সুপারভাইজার পদে পদায়নের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ।

( মোঃ লুৎফুর রহমান )  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫৭৭৯

পরিচালক  
সেবা পরিদপ্তর  
শেরে বাংলা নগর নার্সিং কলেজ একাডেমিক ভবন  
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।  
২। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।  
৩। অতিরিক্ত সচিব (শৃংখলা ও নার্সিং)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
(নার্সিং শাখা)

নং-৪৫.১৫৮.০১১.০০.০০.০২১.২০১৩ (অংশ-১)- ৭০(২০০)

তারিখঃ ২৬ মাঘ ১৪২২  
০৮ ফেব্রুয়ারি ২০১৬


অফিস স্মারক

বিষয়ঃ নার্সিং সংশ্লিষ্ট পদে বদলি/পদায়ন প্রসংগে।

বিভিন্ন হাসপাতাল/স্বাস্থ্য প্রতিষ্ঠানের সহকারী নার্স/স্টাফ নার্স/সিনিয়র স্টাফ নার্স/নার্সিং সুপারভাইজার ও অন্যান্য নার্সিং কর্মকর্তার পদ সেবা পরিদপ্তর এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন। এ সকল পদে কর্মরতদের বদলি/পদায়ন/সংযুক্তি/অতিরিক্ত দায়িত্ব প্রদান সেবা পরিদপ্তর এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এখতিয়ারাধীন। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন হাসপাতাল/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক এখতিয়ার বহির্ভূতভাবে অনুরূপ পদে বদলি/সাময়িকভাবে দায়িত্ব প্রদান করা হচ্ছে, যার কারণে বিভিন্ন প্রশাসনিক জটিলতার সৃষ্টি হচ্ছে।

২। এমতাবস্থায়, বিভিন্ন হাসপাতাল/স্বাস্থ্য প্রতিষ্ঠানে সেবা পরিদপ্তরাধীন সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স/পাবলিক হেল্থ নার্স/নার্সিং সুপারভাইজারসহ সকল নার্সিং কর্মকর্তার পদে সেবা পরিদপ্তর/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক বদলি/পদায়ন না করার জন্য/এরূপ বদলি/পদায়ন আদেশ জারি থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো। তবে নার্সিং জনবলের প্রয়োজন হলে সংশ্লিষ্ট হাসপাতাল/স্বাস্থ্য প্রতিষ্ঠান কর্তৃপক্ষ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/সেবা পরিদপ্তরে প্রস্তাব/চাহিদা প্রেরণ করতে পারেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
(মেডিকেল সুফর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫৭৭৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (সকল), মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল - - - - -
- ৩। পরিচালক (স্বাস্থ্য), - - - - - বিভাগ - - - - -
- ৪। পরিচালক, সেবা পরিদপ্তর, শেরে বাংলা নগর নার্সিং কলেজ একাডেমিক ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল), - - - - -
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৮। অতিরিক্ত সচিব (শৃংখলা ও নার্সিং)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।